জনতা ব্যাংক লিমিটেড
প্রধান কার্যালয়
১১০, মতিঝিল বা/এ
ঢাকা।
Website: www.janatabank-bd.com

জেনারেল ব্যাংকিং ডিপার্টমেন্ট
ফোন নং-৯৫৫০৮৭৩

নির্দেশ বিজ্ঞপ্তি নং-৮২৮/১৮

তারিখ ঃ ৩০/০৭/২০১৮ খ্রীষ্টাব্দ
১৫ শ্রাবণ, ১৪২৫ বঙ্গাব্দ

সকল মহাব্যবস্থাপক/উপ মহাব্যবস্থাপক
একান্ত সচিব, সিইও এন্ড এমডি এবং সকল উপ ব্যবস্থাপনা পরিচালক
সকল সহকারী মহাব্যবস্থাপক এবং ব্যবস্থাপক
জনতা ব্যাংক লিমিটেড
প্রধান কার্যালয়ের সকল ডিভিশন ও ডিপার্টমেন্ট/বিভাগীয় কার্যালয়/
লোকাল অফিস/জনতা ভবন কর্পোরেট শাখা/এরিয়া অফিস/
সকল শাখা এবং সকল সাবসিডিয়ারী কোম্পানী।

**বিষয় ঃ-ঢাকা বিশ্ববিদ্যালয়ের ২০১৮-২০১৯ শিক্ষাবর্ষে প্রথম বর্ষ সম্মান শ্রেণিতে ভর্তি পরীক্ষার ফি ব্যাংকের যে কোন শাখায় জমা গ্রহণ এবং আবেদনকারীর টাকা জমা দেয়ার তথ্য প্রধান কার্যালয়ের ফরেন রেমিট্যান্স ডিপার্টমেন্টে তাৎক্ষণিক প্রেরণ প্রসঙ্গে।**

প্রিয় মহোদয়,

প্রধান কার্যালয়ের জারীকৃত নির্দেশ বিজ্ঞপ্তি নং-৬২৫/২০১৫ তাং-১৯/০৮/২০১৫ অনুসরণ করার জন্য আপনাদেরকে পরামর্শ দেয়া হল।

ঢাকা বিশ্ববিদ্যালয়ের ২০১৮-২০১৯ শিক্ষাবর্ষে প্রথম বর্ষ সম্মান শ্রেণিতে ভর্তি পরীক্ষার ফরম ও ফি অনলাইনে জমাদানের কার্যক্রম আগামী ৩১/০৭/২০১৮ ইং তারিখ হতে শুরু হয়ে ২৮/০৮/২০১৮ ইং তারিখ পর্যন্ত চলবে মর্মে ঢাকা বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ অবহিত করেছে। এ ক্ষেত্রে ব্যাংক কর্তৃক নিম্নোক্ত কার্যসম্পাদন করতে হবে।

(ক) ভর্তিচ্ছু প্রার্থী ঢাকা বিশ্ববিদ্যালয়ের ভর্তি সংক্রান্ত ওয়েবসাইট (**admission.eis.du.ac.bd**) থেকে পে-ইন স্লিপ ডাউনলোড করে জনতা ব্যাংকের যে কোন শাখায় ভর্তির আবেদন ফি বাবদ ৩৫০/- (তিন শত পঞ্চাশ) টাকা জমা দিবেন। জমা গ্রহণের সময় পে-ইন স্লিপের উভয় অংশে আবেদনকারীর একই ছবি আছে কি না এবং স্বাক্ষর করেছে কি না তা নিশ্চিত হয়ে ছবি দুটিতে ব্যাংকের গোল সিল দিতে হবে। প্রত্যেকটি আবেদন পত্রের ব্যাংক কপির অপর পৃষ্ঠায় অবশ্যই শিক্ষার্থী/অভিভাবকের মোবাইল নম্বর লিখে রাখতে হবে।

(খ) আদায়কৃত টাকার মধ্যে **৩৩০/- (তিন শত ত্রিশ)** টাকা ঢাকা বিশ্ববিদ্যালয়ের অনুকূলে জমা করতে হবে। অবশিষ্ট ২০/-(কুড়ি) টাকার মধ্যে ১৭/- সতের টাকা "আয় খাত বিবিধ" এবং ৩/- (তিন) টাকা "ভ্যাট" হিসেবে সরকারী কোষাগারে জমা করতে হবে।

(গ) **আবেদনকারীর তথ্য JB Online Solution-এ Login করে University Admission System এর মাধ্যমে তাৎক্ষনিক প্রেরণ করতে হবে। কোন অবস্থাতেই বিলম্বে অথবা পরবর্তী কর্মদিবসের জন্য অপেক্ষা করা যাবে না।**

(ঘ) **শাখা হতে প্রেরিত তথ্যে PIN অথবা AID সংক্রান্ত ভুল থাকলে তা University Admission System এর মাধ্যমে অবহিত হতে হবে এবং সংশ্লিষ্ট তথ্য সংশোধন/Edit করতে হবে। নির্দিষ্ট সময়ের (একই কর্মদিবস) মধ্যে সঠিক তথ্য প্রেরণে ব্যর্থ হলে উদ্ভূত পরিস্থিতির দায়-দায়িত্ব সংশ্লিষ্ট শাখা কর্তৃপক্ষ-কে বহন করতে হবে।**

চলমান পাতা-২

**বিষয় ঃ-ঢাকা বিশ্ববিদ্যালয়ের ২০১৮-২০১৯ শিক্ষাবর্ষে প্রথম বর্ষ সম্মান শ্রেণিতে ভর্তি পরীক্ষার ফি ব্যাংকের যে কোন শাখায় জমা গ্রহণ এবং আবেদনকারীর টাকা জমা দেয়ার তথ্য প্রধান কার্যালয়ের ফরেন রেমিট্যান্স ডিপার্টমেন্টে তাৎক্ষণিক প্রেরণ প্রসঙ্গে।**

(ঙ) প্রতিদিনের সংগৃহীত অর্থ ভর্তি কার্যক্রম পরিচালনার জন্য শাখায় পূর্বে খোলা চলতি হিসাবে জমা করতে হবে। ঢাকা বিশ্ববিদ্যালয়ের চাহিদা মোতাবেক দিন শেষে উক্ত চলতি হিসাবে সংগৃহীত অর্থ বিকলন করে ভর্তি ফিস এর অর্থ $T_{24}$ সফটওয়ারের মাধ্যমে ঢাকা বিশ্ববিদ্যালয় ক্যাম্পাস কর্পোরেট শাখায় রক্ষিত-"DHAKA UNIVERSITY ADMISSION" শিরোনামীয় STD A/C-0100003583354-এ জমা করতে হবে। অবশিষ্ট অন্য দুইটি ভাউচার শাখার জেনারেল লেজার-এ পোস্টিং করতে হবে। উল্লেখ্য University Admission System-এ সকল ফরম এন্ট্রি করার পর "Voucher" Button-এ Click করলে জমাকৃত অর্থের বিপরীতে তিনটি ক্রেডিট ভাউচার Generate হবে। নির্ধারিত সময়ের মধ্যে অর্থ প্রেরণে ব্যর্থ হলে উদ্ভূত পরিস্থিতির দায় সংশ্লিষ্ট শাখা কর্তৃপক্ষকে বহন করতে হবে।

(চ) ভর্তি সংক্রান্ত যে কোন তথ্যের জন্য ফরেন রেমিট্যান্স ডিপার্টমেন্ট এর জনাব মোঃ মনিরুল ইসলাম, প্রিন্সিপাল অফিসার (আইটি) (ফোন ঃ ০২-৯৫১৫৩০৪, ৪৭১১৬০৭৩, ০১৫৫৬৩২৪৭২১, ই-মেইলঃ duadmission@janatabank-bd.com) এর সাথে যোগাযোগ করতে হবে।

(ছ) বিভাগীয় কার্যালয়/এরিয়া অফিসের করণীয় ঃ- বিভাগীয় কার্যালয়/এরিয়া অফিস সমুহ তাদের আওতাধীন শাখা সমুহের সংগৃহীত তথ্য ফরেন রেমিট্যান্স ডিপার্টমেন্টে এবং ফি ঢাকা বিশ্ববিদ্যালয় ক্যাম্পাস শাখায় প্রেরণ নিশ্চিত করবেন।

(জ) কোন শাখা হতে University Admission System -এ তথ্য প্রেরণে প্রযুক্তিগত সমস্যার সম্মুখীন হলে প্রধান কার্যালয়ের আইসিটি সিস্টেম ডিপার্টমেন্ট এর JB Online Solution Support Cell-এ যোগাযোগ করতে হবে।

এমতাবস্থায়, ঢাকা বিশ্ববিদ্যালয়ের ২০১৮-২০১৯ শিক্ষাবর্ষে প্রথম বর্ষ সম্মান শ্রেণিতে ভর্তির আবেদন পত্রের ফি ব্যাংকের যে কোন শাখায় ৩১/০৭/২০১৮ ইং তারিখ হতে শুরু হয়ে ২৮/০৮/২০১৮ ইং তারিখ পর্যন্ত জমা গ্রহণ সহ আবেদনকারীর তথ্য JB Online Solution-এ Login করে এর আওতাধীন University Admission System এর মাধ্যমে তাৎক্ষনিক প্রেরণ করতে হবে এবং উক্ত তথ্য এফআরডি হতে ঢাকা বিশ্ববিদ্যালয়ের সার্ভারে প্রেরণের বিষয়টি নিশ্চিত করার ব্যবস্থা গ্রহণের জন্য আইসিটিডি (সিস্টেম) সহ সংশ্লিষ্ট সকলকে নির্দেশ প্রদান করা যাচ্ছে।

আপনার বিশ্বস্ত,

(মোঃ আবদুর রউফ)
উপ মহাব্যবস্থাপক

(মোঃ ইসমাইল হোসেন)
উপ ব্যবস্থাপনা পরিচালক